

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

পত্র নং: ৩৩.০২.০০০০.৯২০.২৯.৫৫২.১৮-৩৬৭

তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি:

বিষয়: এনএটিপি-২ প্রকল্পের **Grievance Redress Mechanism** বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: প্রকল্প পরিচালক, পিআইইউ, এনএটিপি-২ এর স্মারক নং- এনএটিপি-২/পিআইইউ-১২১/ISMT/Part-২/২০১৮/১৯৬;
তারিখ: ০২/০৭/২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এর স্বচ্ছতা, জবাবদিহিতা, ঝুঁকি নিরসন ও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য **Governance and Accountability Action Plan** তৈরি করা হয়েছে। সাধারণত: প্রকল্পের কার্যক্রম স্টেকহোল্ডারগণের আস্থা তৈরি হলে প্রত্যাশাও বৃদ্ধি পায়। সব প্রত্যাশা পূরণ সম্ভব না হলেও বিভিন্ন ধরনের অভিযোগ উত্থাপিত হয়। এছাড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে কোন অনিয়ম হলে সুফলভোগী বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ অভিযোগ করতে পারেন। এসব অভিযোগ ইতিবাচক হিসেবে বিবেচনা করে তা গ্রহণ এবং প্রতিকারের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:


১. কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্রে (FIAC) অভিযোগ বাক্স বা রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে;
২. উপজেলা মৎস্য অফিসের সম্প্রসারণ কর্মকর্তা বা সহকারী মৎস্য কর্মকর্তা অথবা অন্য কোন কর্মকর্তাকে **Grievance Redress Officer (GRO)** হিসেবে মনোনীত করতে হবে এবং তাদের নাম ও মোবাইল নম্বর দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

এনএটিপি-২ প্রকল্পের **Grievance Redress Officer**

নাম ও পদবীঃ -----

মোবাইল নং-----

৩. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা এপিলিয়েট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;
৪. জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের একজন কর্মকর্তাকে জেলা পর্যায়ে **Grievance Redress Officer** হিসেবে মনোনীত করতে হবে;
৫. জেলা মৎস্য কর্মকর্তা জেলা পর্যায়ে এপিলিয়েট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;
৬. উপজেলা পর্যায়ে **Grievance Redress Officer (GRO)** মাসিক প্রতিবেদন তৈরি করে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে পাঠাবেন (ছক সংযুক্ত);
৭. উপজেলা বা জেলা পর্যায়ে অভিযোগ বা আপিল নিষ্পত্তি সম্ভব না হলে পিআইইউ, এনএটিপি-২, মৎস্য ভবন, ঢাকায় **Grievance Redress Cell** এ প্রেরণ করতে হবে।



(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ফোনঃ ০২-৪৭১২০১৮৩


বিতরণ:

১। জেলা মৎস্য কর্মকর্তা

-----।

২। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

-----।



০৫/০৭/১৮

পত্র নং: ৩৩.০২.০০০০.৯২০.২৯.৫৫২.১৮-৩৬৭

তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর ----- বিভাগ -----।


১০/০৭/১৮
পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট
০৫/০৭/১৮

এনএটিপি-২ প্রকল্পের Grievance Redress বিষয়ক মাসিক প্রতিবেদন

উপজেলাঃ -----।

নামঃ -----।

জেলাঃ -----।

বছরঃ -----।

ক্রমিক নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা, মোবাইল নম্বর	অভিযোগের বিষয়	GRO কর্তৃক গৃহীত ব্যবস্থা	মন্তব্য

✓